

■■ মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১৮৪৭

পর্ব-৬: যাকাত (كتاب الزكاة)

পরিচ্ছেদঃ ৪. দ্বিতীয় অনুচ্ছেদ - যার জন্য কিছু চাওয়া হালাল নয় এবং যার জন্য হালাল

আরবী

وَعَنْ عَبْدِ اللَّهِ بْنِ مَسْعُودِ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم: «من سَأَلَ النَّاسَ وَلَهُ مَا يُغْنِيهِ جَاءَ يَوْمَ الْقِيَامَةِ وَمَسْأَلَتُهُ فِي وَجْهِهِ خُمُوشٌ أَوْ خُدُوشٌ أَوْ كُدُوحٌ» . قِيلَ يَا رَسُولَ اللَّهِ وَمَا يُغْنِيهِ؟ قَالَ: «خَمْسُونَ دِرْهَمًا أَوْ قِيمَتُهَا مِنَ الذَّهَبِ» . رَوَاهُ أَبُو دَاوُدَ وَالتَّرْمِذِيُّ وَالنَّسَائِيُّ وَابْنُ مَاجَهُ والدارمي

বাংলা

১৮৪৭-[১১] 'আবদুল্লাহ ইবনু মাস্'উদ (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাছ আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি স্বাবলম্বী হওয়া সত্ত্বেও মানুষের নিকট হাত পাতে, তাকে কিয়ামতের (কিয়ামতের) দিন এ অবস্থায় উঠানো হবে যে, এ অভ্যাস তার মুখের উপর 'খুমূশ' 'খুদূশ' অথবা 'কুদূহ'রূপে প্রকাশ পাবে। নিবেদন করা হলো, হে আল্লাহর রসূল! কি পরিমাণ সম্পদ তাকে অমুখাপেক্ষী করবে? তিনি বললেন, পঞ্চাশ দিরহাম অথবা এ মূল্যের সোনা। (আবূ দাউদ, তিরমিয়ী, নাসায়ী, ইবনু মাজাহ, দারিমী)[1]

ফুটনোট

[1] সহীহ : আবূ দাউদ ১৬২৬, আত্ তিরমিয়ী ৬৫০, নাসায়ী ২৫৯২, ইবনু মাজাহ্ ১৮৪০, দারিমী ১৬৮০, সিলসিলাহ্ আস্ সহীহাহ্ ৪৯৯, সহীহ আল জামি' আস্ সগীর ৬২৭৯।

ব্যাখ্যা

ব্যাখ্যা: এ হাদীস দ্বারা বুঝা যাচ্ছে যে, যার নিকট ৫০ দিরহাম অথবা সমপরিমাণ মূল্যের স্বর্ণ থাকবে তার জন্য সাওয়াল (ভিক্ষাবৃত্তি করা বা চাওয়া) করা হারাম। অন্যান্য হাদীসে এর কমের কথা আছে, যেমন পরের দু'টোর একটিতে রয়েছে যার নিকট দু'বেলা খাবার পরিমাণ ব্যবস্থা আছে, অপরদিকে রয়েছে যার নিকট উক্নিয়াহ্ (৪০ দিরহাম) অথবা তার সমপরিমাণ সম্বল আছে তার জন্য অন্যের কাছে চাওয়া বৈধ নয়। শাহ ওয়ালীউল্লাহ দেহলভী তার গ্রন্থ 'হুজ্জাতুল্লাহিল বালিগাহ'তে বলেন, উল্লেখিত হাদীসগুলোর মাঝে কোন বিরোধ নেই। কারণ মানুষ বিভিন্ন



শ্রেণী বা পেশার হয়ে থাকে। যেমনঃ কেউ ব্যবসায়ী হয়ে থাকে কেউবা চাষাবাদ করে আবার কেউ দিনমজুরীর কাজ করে। এই প্রেক্ষিতে ব্যবসায়ীর জন্য ব্যবসা করার মতো পণ্যের প্রয়োজন হয়, চাষীর জন্য চাষাবাদের উপকরণের দরকার হয়। অনুরূপ দিনমজুরের জন্য দু'বেলার খাবারই যথেষ্ট হয়। সুতরাং সময়ের ব্যবধান এবং মানুষের শ্রেণীর পার্থক্যের কারণে ৫০ বা ৪০ দিরহাম অথবা দু'বেলার খাবারের কথা উল্লেখ করা হয়েছে।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন